



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

আরবিআই/২০১০-১১/৪৮২

আরপিসিডি.সিও.নং আরসিবি.৬১/০৭.৩৮.০৩/২০১০-১১

এপ্রিল ২১, ২০১১

সভাপতিগণ/মুখ্য নির্বাহী আধিকারিকগণ
সমস্ত রাজ্য এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

প্রিয় মহাশয়,

২৫ পয়সা ও তার নিম্নের ধাতুমুদ্রা – প্রচলন থেকে প্রত্যাহার

দয়া করে উপরোক্ত বিষয়ে ভারত সরকারের গেজেট বিজ্ঞপ্তি এস.ও.২৯৭৮(ই), তারিখ ডিসেম্বর ২০, ২০১০ এবং রিজার্ভ ব্যাঙ্কের প্রেস বিজ্ঞপ্তি, তারিখ ফেব্রুয়ারি ১, ২০১১ (প্রতিলিপি সংযুক্ত) দেখবেন।

২. ভারত সরকার সিদ্ধান্ত নিয়েছে জুন ৩০, ২০১১ তারিখ থেকে ২৫ পয়সা এবং তার নিম্নমূল্যমানের ধাতুমুদ্রা প্রচলন থেকে প্রত্যাহার করে নেবে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক যে সমস্ত ব্যাঙ্ক স্বল্পমূল্যমানের ধাতুমুদ্রার ডিপো চালায় তাদের ২৫ পয়সা ও তার নিম্ন-মূল্যমানের ধাতুমুদ্রা, মুদ্রিত মূল্য অনুসারে তাদের শাখায় পালটানোর ব্যবস্থা করার নির্দেশ দিয়েছে। জুন ২৯, ২০১১ তারিখের কাজের সময়ের শেষ পর্যন্ত এই ব্যাঙ্কগুলির শাখায় ও রিজার্ভ ব্যাঙ্কের অফিসে মুদ্রা পালটানো হবে। জুলাই ১, ২০১১ তারিখ থেকে ও তদুপরবর্তী কালে ২৫ পয়সা ও তার নিম্ন মূল্যমানের ধাতুমুদ্রা ব্যাঙ্কগুলির শাখায় বিনিময়ের জন্য আর গৃহীত হবে না। সমস্ত রাজ্য এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ককে এই নির্দেশ অনুধাবন করতে বলা হচ্ছে।

৩. দয়া করে আঞ্চলিক অফিসের নিকট প্রাপ্তিস্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত

(সি ডি শ্রীনিবাসন)
মুখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নী: ২

অর্থ মন্ত্রক
(অর্থনৈতিক বিষয় বিভাগ)
বিজ্ঞপ্তি

[এফ নং ১১/১৯/২০০৯-কয়েন]

ডিসেম্বর ২০, ২০১০

এস.ও.২৯৭৮(ই) – কয়েনেজ এক্ট, ১৯০৬ (১৯০৬-এর ৩)-এর উপ-ধারা ১৫এ দ্বারা প্রদত্ত ক্ষমতাবলে কেন্দ্রীয় সরকার এতদ্বারা বিভিন্ন সময়ে জারি করা ২৫ পয়সা এবং তার নিম্ন মূল্যমানের ধাতুমুদ্রা প্রচলন থেকে প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়েছে, যা কার্যকর হবে জুন ৩০, ২০১১ থেকে এবং উক্ত তারিখ থেকে ওই মুদ্রাগুলি অর্থপ্রদান ও হিসাবের জন্যও বৈধ দরপত্র হিসেবে বিবেচিত হবে না। প্রত্যাহারের পদ্ধতি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক পৃথকভাবে বিজ্ঞাপিত হবে।

স্বাক্ষরিত

(অনুল সোবতি)

অবর সচিব

(কারেন্সি এন্ড কয়েনেজ)